

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

প্রশাসন-১ শাখা

www.mos.gov.bd

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২৯-০৩-২০১৭ তারিখে অনুষ্ঠিত সচেতনতা বৃদ্ধিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : অশোক মাধব রায়, সচিব।
সভার তারিখ : ২৯-০৩-২০১৭ খ্রিঃ।
সময় : বেলা ১০.৩০ ঘটিকা।
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং-৮০৬-৮০৮)।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট-ক।

আলোচনা :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুরোধে শেখ কামরুল হাসান, উপ-সচিব ও শুদ্ধাচার নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ও পরিবীক্ষণ কাঠামোর অনুচ্ছেদ নং ৫.১ অনলাইন রেসপন্স সিস্টেম চালু: ই-মেইল/এস এম এস এর মাধ্যমে বিষয় নিষ্পত্তি; ৫.৩ ই-টেন্ডারিং ব্যবস্থা চালুকরণ; ৫.৪ অনলাইনে সেবা প্রদান চালুকরণ; ৬.১ ইনোভেশন টিম কর্তৃক উদ্ভাবনী ধারণা; ৭.১ অডিট কমিটির সভা; এর বিস্তারিত বর্ণনা করেন। সভায় উপর্যুক্ত অনুচ্ছেদসমূহের কার্যক্রম দ্রুততার সাথে বাস্তবায়নে আরও যত্নবান হওয়া আবশ্যিক মর্মে সভাপতি মত প্রকাশ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

সিদ্ধান্ত :

৫.১ অনলাইন রেসপন্স সিস্টেম চালু: ই-মেইল/এস এম এস এর মাধ্যমে বিষয় নিষ্পত্তি:

- শাখা ভিত্তিক ই-মেইল/মোবাইল নম্বর স্থির করে সকল দপ্তর/সংস্থা এবং ওয়েবসাইট ব্যবহারকারীদের অবহিত করা হবে। [কার্যক্রম : সকল শাখা]
- সকল শাখা ই-মেইল/এসএমএস এর মাধ্যমে প্রাপ্ত মতামত/জিজ্ঞাসার জবাব দ্রুততার সাথে প্রদান করে বিষয়টি একটি রেজিস্টারে লিপিবদ্ধ করবে। [কার্যক্রম : সকল শাখা]

৫.৩ ই-টেন্ডারিং:

- প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাগণ আওতাধীন সংস্থা/দপ্তরের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের জন্য প্রশিক্ষণ কর্মসূচীর (TOT) আয়োজন করবে। [কার্যক্রম : প্রশাসন-১ শাখা]

৫.৪ অনলাইনে সেবা প্রদান:

- ওয়েবসাইটে Feedback System ১৫ কর্মদিবসের মধ্যে চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। [কার্যক্রম : প্রশাসন-১ শাখা/প্রোগ্রামার]

৫.৫ ই-ফাইলিং চালুকরণ :

- সকল শাখায় ই-ফাইলিং চালুর কার্যক্রম ৭ কর্মদিবসের মধ্যে চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। [কার্যক্রম : সকল শাখা/প্রোগ্রামার]

৬.১ ইনোভেশন টিম কর্তৃক উদ্ভাবনী ধারণা :

- লক্ষ্যমাত্রা অনুযায়ী কমপক্ষে আরো ২টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। [কার্যক্রম : প্রশাসন-১ শাখা/উদ্ভাবনী কমিটি]

৭.১ অডিট কমিটির সভা :

- লক্ষ্যমাত্রা অনুযায়ী সভা অনুষ্ঠানের বিষয়ে উদ্যোগ অব্যাহত রাখতে হবে। [কার্যক্রম : অডিট শাখা]

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

০২-০৪-২০১৭

অশোক মাধব রায়

সচিব

নং-১৮.০০.০০০০.০১৬.২২.০১২.১২(অ-৩)-

তাং-০৫-০৪-২০১৭ খ্রিঃ।

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১) যুগ্ম-সচিব(আইন হালনাগাদকরণ/বাজেট/চবক ও প্রশাসন/বাস্তবক ও মবক/টিএ/মেরিন ও এনএমআই/যুগ্ম-প্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২) উপসচিব (মোবক/সমন্বয়/বাজেট ও অডিট/টিসি ও বিএসসি/চবক/টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৩) উপ-প্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৪) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাস্তবক/জাহাজ/পাবক/প্রশাসন-২/বিএসসি/বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৫) সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (পরিঃ-১/২/৩/৪/৫), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৬) হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৭) প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাণিজ্যিক/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

৩১/৭ ০৫.৪.১৭

(এস. এম. শফিক)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫১৫৫৫১

sas.admin1@mos.gov.bd